# বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮

স্মারক নং-বুটেক্স/প্রশাঃ/২২/১২তম খণ্ড/২০২৫/৪৭৩ তারিখ: ২১/০৫/২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা এর নিম্নলিখিত শূন্য পদসমূহ বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (বেতন স্কেল ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | **সহযোগী অধ্যাপক (এ্যাপারেল)**<br>বেতন স্কেল: ৫০০০০-৭১২০০/- এ্যাপারেল ইঞ্জিনিয়ারিং বিভাগ। | ০১ | ১. প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। স্নাতক পরীক্ষায় প্রথমশ্রেণী/ সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে।<br>২. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে।<br>৩. এমফিল/সমমানের ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রেবিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ০৯ (নয়)বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪. পিএইচ.ডি. ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে। তম্মধ্যে, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে, যেগুলির মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে,মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/ Index জার্নালে প্রকাশিত হতে হবে। |
| ২. | **সহকারী অধ্যাপক (কম্পিউটার)**<br>বেতন স্কেল: ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) টেক্সটাইল মেশিনারী ডিজাইন এন্ড মেইনটিন্যান্স বিভাগ। | ০১ | ১. প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। স্নাতক পরীক্ষায় প্রথম শ্রেণী/ সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে।<br>২. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে।<br>৩. স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪. এমফিল/সমমানের ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫. পিএইচ.ডি. ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে। যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকতে হবে। |
| ৩. | **প্রভাষক (ফেব্রিক)**<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯) ফেব্রিক ইঞ্জিনিয়ারিং বিভাগ। | ০২ | ১. প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে ০৪ (চার)বৎসর মেয়াদি স্নাতক ডিগ্রী থাকতে হবে। স্নাতক পরীক্ষায় প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে।<br>২. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে।<br>৩. পিএইচডি ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। |
| ৪. | প্রভাষক (ওয়েট প্রসেস)<br>বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯) ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং বিভাগ। | ০১ | |
| ৫. | **ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)**<br>বেতন স্কেল: ৪৩০০০-৬৯৮৫০/-(গ্রেড-৫) একাডেমিক শাখা, রেজিস্ট্রার দপ্তর। | ০১ | প্রার্থীদের কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণী/ বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ/সিজিপিএসহ কমপক্ষে মাস্টার্স/বি. এসসি, ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং ১ম শ্রেণীর পদে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অফিসার হিসাবে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। তন্মধ্যে সহকারী রেজিস্ট্রার বা সমমানের পদে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার (এম এস ওয়ার্ড/এক্সেল/পাওয়ার পয়েন্ট/একসেস) পরিচালনায় অভিজ্ঞ ও সক্ষম হতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের কাজে অভিজ্ঞতা সম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। |
| ৬. | **সিকিউরিটি ইন্সপেক্টর**<br>বেতন স্কেল: ১৬০০০-৩৮৬৪০/-(গ্রেড-১০) সাধারণ প্রশাসন শাখা, রেজিস্ট্রার দপ্তর। | ০১ | প্রার্থীদের কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণী/ বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ/সিজিপিএসহ কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী এবং নিরাপত্তার কাজ পরিচালনায় সরকারী/আধা- সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। ভাল স্বাস্থ্য ও কঠিন কাজ করার সামর্থ্য সম্পন্ন হতে হবে। সৎ, নিষ্ঠাবান ও স্পোর্টসম্যান স্পিরিট সম্পন্ন হতে হবে। অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনী/পুলিশ/আনসার বাহিনীর কর্মকর্তা পদধারী উপযুক্ত ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |

## শর্তাবলী:

১. আগ্রহী প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস/Website: www.butex.edu.bd হতে জীবন বৃত্তান্তের একটি ফরমেট সংগ্রহপূর্বক পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা (শিক্ষক পদের ক্ষেত্রে সকল সার্টিফিকেট ও ট্রান্সক্রিপ্টসহ) ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

২। ক্রমিক নং-০১এ বর্ণিত পদের জন্য ০৭ (সাত) সেট, ক্রমিক নং-০২ থেকে ০৬ এ বর্ণিত পদসমূহের জন্য ০৫ (পাঁচ) সেট পূর্নাঙ্গ আবেদনপত্র দাখিল করতেহবে।

৩। আবেদনপত্রের সাথে প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে চরিত্র সম্পর্কিত প্রশংসাপত্র (Testimonial) এবং চাকুরীরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে বেতন স্কেল উল্লেখপূর্বক অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৪। আবেদনপত্রে ও খামের উপর সুস্পষ্টভাবে পদের নাম, বিভাগ/দপ্তর, প্রযোজ্য ক্ষেত্রে বিষয় উল্লেখ করতে হবে।

৫। সকল আবেদনপত্র "রেজিস্ট্রার, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮" বরাবর প্রেরণ করতে হবে।

৬। আবেদন ফি; অনলাইনে BUTEX এর ওয়েব সাইট http://www.butex.edu.bd ওপেন করে Fees payment=>Application fee=>Job=>position Applied for->Applicant's Name=>Father's Name=>Mobile No=>Amount=>Payment option এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্য (বিস্তারিত তথ্য চলে আসবে এবং নির্দিষ্ট ফিল্ডে তথ্য প্রদান করে) Sonali Payment Gateway এর মাধ্যমে সোনালী ব্যাংকের একাউন্ট টু একাউন্ট, সোনালী ই-ওয়ালেট, ভিসা কার্ড, মাস্টার কার্ড, এমেক্স কার্ড, নেক্সাস কার্ড (ডিবিবিএল), বিকাশ, নগদ, রকেট, উপায় এবং ট্যাপ এর মাধ্যমে বর্ণিত পদসমূহের জন্য ২০০/-(দুইশত) টাকা পরিশোধ করে (চার্জ প্রযোজ্য) জমা রশিদের BUTEX কপি মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৮। আবেদনপত্র পাঠানোর তারিখ:০৭/০৬/২০২৬ থেকে ১৮/০৬/২০২৬ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ের মধ্যে)।

৯। কোন পদের প্রার্থীর সংখ্যা বেশী হলে প্রয়োজনবোধে লিখিত পরীক্ষার ব্যবস্থা করা হতে পারে।

১০। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। যোগ্য/প্রাথমিক বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান পত্র/এসএমএস এর মাধ্যমে আবেদনপত্রে উল্লেখিত নম্বরে জানানো হবে। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় সকল প্রকার সনদ এবং ট্রান্সক্রিপ্টের মূল কপি দেখাতে হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন প্রকার কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

১৩। আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রীপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষায় ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৪। দেশের বিভিন্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয়হতে অর্জিত ডিগ্রী এবং বিদেশে অর্জিত ডিগ্রী এই বিশ্ববিদ্যালয় অনুমোদিত ডিগ্রীর সাথে অনুরূপ ডিগ্রী হিসাবে ইকুইভেলেন্স করতে হবে।

১৫। অনলাইন বা দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীদেরকে কোন বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা যাবে না।

১৬। শিক্ষক পদে অভিজ্ঞতা বলতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে (সরকারী, আধা-সরকারী এবং স্বায়ত্বশাসিত) সক্রিয় শিক্ষকতা/ গবেষণা প্রতিষ্ঠানের গবেষণার কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।

১৭। সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরীকাল হিসেবে ঐ প্রতিষ্ঠানের চাকুরীর অর্ধেক সময়কাল বিবেচনা করা যেতে পারে।

১৮। কোন শিক্ষক Postdoctoral Fellowship Program-এ শিক্ষা ছুটি নিয়ে অংশগ্রহণ করলে সর্বোচ্চ ০২ (দুই) বৎসর সক্রিয় শিক্ষকতাকাল হিসেবে গণ্য করা হবে। এই বিশ্ববিদ্যালয়ে চাকুরীতে যোগদানের পূর্বে Postdoctoral Fellowship Program-এর সর্বোচ্চ ০১ (এক) বৎসর গবেষণার সময়কালকে সক্রিয় শিক্ষকতাকাল হিসেবে গণ্য করা যেতে পারে।

১৯। বিনা বেতনে/লিয়েনে বা Extraordinary ছুটি সক্রিয় শিক্ষকতাকাল বলে বিবেচিত হবে না, তবে প্রেষনের (Deputation) ক্ষেত্রে এটা প্রযোজ্য হবে না।

২০। বিশ্ববিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের অনর্জনযোগ্য (Unattainable) শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য ক্ষেত্রে শিথিল করা যাবে (এসএসসি হতে স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত)।

২১। গত ২২/০১/২০২৫ তারিখের বুটেক্স/প্রশাঃ/১২৪/পার্ট-১/২০২০/৮৪ সংখ্যক স্মারক মোতাবেক ০৫/০৬/২০২৩ তারিখের পূর্বে যে সকল শিক্ষক নিয়োগপ্রাপ্ত হয়েছেন, সে সকল শিক্ষকের নিয়োগের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুসরণ করা যাবে।

২২। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক কোটা অনুসরণ করা হবে। প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের প্রয়োজনীয় সনদ সংযুক্ত করতে হবে।

২৩। সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে "অঙ্গীকারনামা" প্রদান করতে হবে।

21.05.26

(অধ্যাপক ড. রাশেদা বেগম দিনা)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

আরপি-৮১৩/২৬ (১৫"x৪)